

ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম প্রবিধান-২০২২

১. শিক্ষাক্রমের নাম ও মেয়াদ (Name and Duration of Curriculum):

- ১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় পরিচালিত প্রকৌশল ডিপ্লোমা স্তরের এ শিক্ষাক্রমের নাম হবে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং;
- ১.২ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে ০৪ (চার) বছর, যা ০৮ (আট) টি পর্বে (Semester) বাস্তবায়ন করা হবে;
- ১.২.১ এ শিক্ষাক্রমের ১ম হতে ৭ম পর্ব (Semester) স্ব স্ব ইনস্টিউটে/প্রতিষ্ঠানে পরিচালিত হবে;
- ১.২.২ এ শিক্ষাক্রমের ৮ম পর্বে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে এবং স্ব স্ব ইনস্টিউটে/প্রতিষ্ঠানে পরিচালিত হবে;
- ১.২.৩ এ শিক্ষাক্রমের আওতায় পরিশিষ্ট (ক) তে বর্ণিত টেকনোলজিসমূহ নির্ধারিত থাকবে। তবে প্রয়োজনে বোর্ড এতে সংযোজন ও বিয়োজন করতে পারবে;
- ১.২.৪ এ শিক্ষাক্রমের মোট ক্রেডিট ১৫০-১৬০-এর মধ্যে নির্ধারিত থাকবে;
- ১.২.৫ এ শিক্ষাক্রমের মোট ক্রেডিট এর ১০-১৫% সোস্যাল ক্লিল, ১৫-১৭% সাইন্স ও ম্যাথ, ১০-১২% রিলেটেড ইঞ্জিনিয়ারিং এবং ৫৮-৬০% কোর ইঞ্জিনিয়ারিং বিষয়ের জন্য নির্ধারিত থাকবে। বিশেষ ক্ষেত্রে রিলেটেড ইঞ্জিনিয়ারিং এবং কোর ইঞ্জিনিয়ারিং বিষয়ের ক্রেডিটের শতকরা হার সমন্বয় করা যাবে;
- ১.২.৬ এ শিক্ষাক্রমের বিষয়/বিষয়াৎশের তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের শ্রেণীকক্ষের মোট শিখণ্ড ঘন্টার অনুপাত হবে ৪০:৬০। তবে ক্ষেত্রবিশেষে ৫% কম বা বেশি হতে পারে;
- ১.৩ এ শিক্ষাক্রমের আওতায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত টেকনোলজিভিত্তিক পাঠ্যক্রম কাঠামো (কোর্স স্ট্রাকচার) পরিশিষ্ট (খ) অনুযায়ী নির্ধারিত থাকবে। পাঠ্যক্রম কাঠামোতে বিষয়ের নাম, বিষয় কোড, ধারাবাহিক ও চূড়ান্ত পরীক্ষার মানবন্টন (নম্বর বিন্যাস) এবং তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের সাধারণ পিরিয়ড সংখ্যাসহ মোট ক্রেডিট সন্মিলিত থাকবে। পাঠ্যক্রম কাঠামো অনুসারে বোর্ড কর্তৃক প্রণীত বিষয়ভিত্তিক পাঠ্যসূচি অনুসারে এই শিক্ষাক্রমের শিক্ষার্থীরা অধ্যয়ন করবে;
- ১.৪ এ শিক্ষাক্রমের সকল টেকনোলজির পাঠ্য বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের সাধারণ ক্লাস যথাক্রমে T (থিওরি) ও P (প্রাকটিক্যাল) দ্বারা বোঝানো হবে এবং প্রতি এক পিরিয়ডের তাত্ত্বিক ক্লাস এক ক্রেডিট-আওয়ার ও প্রতি তিন পিরিয়ডের ব্যবহারিক ক্লাস এক ক্রেডিট-আওয়ার দ্বারা নির্ধারিত হবে। এক পিরিয়ডের সময়সীমা হবে ৫০ মিনিট। এক ক্রেডিট-আওয়ারের মান হবে ৫০ নম্বর;
- ১.৫ এ শিক্ষাক্রমের প্রতি পর্বের প্রাতিষ্ঠানিক শিক্ষা সময়কাল হবে ১৬ কার্য সপ্তাহ। প্রতি কার্য সপ্তাহে মোট ৩০-৪০ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে;
- ১.৫.১ প্রতি কার্যসপ্তাহে প্রতি পর্বের তাত্ত্বিক বিষয়/বিষয়ের তাত্ত্বিক অংশের ০১ (এক) ক্রেডিট আওয়ারের জন্য এক পিরিয়ডের একটি ক্লাস অনুষ্ঠিত হবে;
- ১.৫.২ প্রতি কার্যসপ্তাহে প্রতি পর্বের ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের ০১ (এক) ক্রেডিট আওয়ারের জন্য তিন পিরিয়ড একত্রে একটি ব্যবহারিক ক্লাস অনুষ্ঠিত হবে;
- ১.৬ এ শিক্ষাক্রমের সকল টেকনোলজির শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক মূল্যায়নের ক্ষেত্রে অনুচ্ছেদ ১.৬.১ ও পর্বভিত্তিক নম্বরপত্র (Transcript) প্রদানের ক্ষেত্রে অনুচ্ছেদ ১.৬.১ ও ১.৬.২ এবং সকল পর্বের সকল বিষয়ে কৃতকার্য শিক্ষার্থীদের সনদপত্র প্রদানের ক্ষেত্রে অনুচ্ছেদ ১.৬.১, ১.৬.২ ও ১.৬.৩ প্রযোজ্য হবে। এছাড়া এ শিক্ষাক্রমের মানসম্পর্কভাবে পাঠদানের লক্ষ্যে অনুচ্ছেদ ১.৬.৫ প্রযোজ্য হবে;
- ১.৬.১ গ্রেডিং পদ্ধতি (The Grading System):
 প্রতি পর্বে (Semester) একজন শিক্ষার্থী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে লেটার গ্রেড এবং তৎপ্রেক্ষিতে গ্রেড পয়েন্ট (GP) অর্জন করবে। প্রাপ্ত নম্বরের ভিত্তিতে লেটার গ্রেড এবং তৎপ্রেক্ষিতে গ্রেড পয়েন্ট নিম্নে দেখা আকারে উপস্থাপন করা হলো;

প্রাপ্ত নম্বর	লেটার গ্রেড	গ্রেড পয়েন্ট (GP)
৮০% বা তদুর্বৰ্ষ	A+	8.00
৭৫% থেকে ৮০% এর নিচে	A	৩.৭৫
৭০% থেকে ৭৫% এর নিচে	A-	৩.৫০
৬৫% থেকে ৭০% এর নিচে	B+	৩.২৫
৬০% থেকে ৬৫% এর নিচে	B	৩.০০
৫৫% থেকে ৬০% এর নিচে	B-	২.৭৫
৫০% থেকে ৫৫% এর নিচে	C+	২.৫০
৪৫% থেকে ৫০% এর নিচে	C	২.২৫
৪০% থেকে ৪৫% এর নিচে	D	২.০০
৪০% এর নিচে	F	০.০০

১২/৮/২২
১২/৮/২২

১২/৮/২২

১২/৮/২২